**AKASHVANI (Kolkata)**
**Regional News Unit**

**Date: 23-10-2025** **Desk in Charge : SDG**
**Time : 1.40 PM** **Compiling : NBR / Suvankar B.**
**DEO : KB** **NR : NBR**

Announcement :- আকাশবাণী / খবর পড়ছিঃ-

**********************************************************************

ভোটার তালিকায় ‘বিশেষ নিবিড় সংশোধনী’-এসআইআর-এর জন্য নির্বাচন কমিশন রাজ্যের ২৩ টির মধ্যে ২১ টি জেলায় ২০০২ সালের ভোটার তালিকা অনুযায়ী ম্যাপিং এন্ড ম্যাচিং-এর কাজ শেষ করেছে।

সম্প্রতি প্রাকৃতিক দুর্যোগের জন্য দার্জিলিং ও জলপাইগুড়িতে এই কাজ এখনো বাকী। ২০০২ ও ২০২৫ সালের ভোটার তালিকা অনুযায়ী, উত্তর ২৪ পরগণা, কোচবিহার ও পশ্চিম বর্ধমানে ভোটাদের নামের মিল রয়েছে ৫০ শতাংশের কম। অন্যদিকে দক্ষিণ চব্বিশ পরগণায় এই হার ৫০ শতাংশ বলে জানা গিয়েছে। সবচেয়ে বেশি ভোটার তালিকায় মিল রয়েছে কালিম্পং জেলায়।

অন্যদিকে, নতুন দিল্লীতে নির্বাচন কমিশন আয়োজিত মুখ্য নির্বাচনী আধিকারিকদের দুদিনের সম্মেলনের আজ শেষ দিন। গতকাল প্রথম দিনে ভোটার তালিকায় এসআইআর নিয়ে সব রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিদের দপ্তরের প্রস্তুতি খতিয়ে দেখা হয়। একইসঙ্গে রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে সর্বশেষ এসআইআর-এর তালিকার সঙ্গে বর্তমান ভোটার তালিকার ম্যাপিং-এর কাজে সিইওদের জন্য কমিশনের জারি করা নির্দেশ সঠিকভাবে পালিত হচ্ছে কি না, সে বিষয়টিও পর্যালোচনা করা হয় বৈঠকে।

********************

হাওড়ার উলুবেড়িয়ায় শরৎচন্দ্র চট্টোপাধ্যায় গভর্মেন্ট মেডিকেল কলেজে কর্তব্যরত মহিলা জুনিয়ার চিকিৎসককে নিগ্রহের প্রতিবাদে আগামীকাল প্রতীকী পেন ডাউনের সিদ্ধান্ত নিয়েছেন সিনিয়ার রেসিডেন্ট ডাক্তাররা। সকাল ৯ টা থেকে দুপুর ২ টো পর্যন্ত এই কর্মসূচী চলবে।

এদিকে, মহিলা চিকিৎসকের ওপর আক্রমণের প্রতিবাদে গতকাল সার্ভিস ডক্টরস ফোরাম, মেডিকেল সার্ভিস সেন্টার এবং নার্সেস ইউনিটির পক্ষ থেকে হাসপাতালের সামনে বিক্ষোভ দেখানো হয়। প্রিন্সিপাল এবং MSVP-র কাছে স্মারকলিপিও জমা দেন তারা। উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানান, সার্ভিস ডক্টরস ফোরামের সাধারণ সম্পাদক ডা: সজল বিশ্বাস।

অন্যদিকে, চিকিৎসক নিগ্রহের ঘটনায় মেডিকেল কলেজের অধ্যক্ষ যথাযথ পদক্ষেপ গ্রহণ করেননি বলে চিকিৎসকদের পাঁচটি যৌথ মঞ্চ জয়েন্ট প্ল্যাটফর্ম অফ ডক্টর্স অভিযোগ করেছে। গতকাল সংগঠনের প্রতিনিধিরা উলুবেড়িয়ার ঐ হাসপাতাল পরিদর্শন করেন। কথা বলেন নিগৃহীতা ও কলেজ কর্তৃপক্ষের সঙ্গে। পরে এক বিবৃতিতে সংগঠনের আহ্বায়ক চিকিৎসক হীরালাল কোণার এবং পুণ্যব্রত গুণ বলেন, RG KAR কান্ডের পর সুপ্রিম কোর্ট নির্দেশ দিয়েছিল, চিকিৎসক বা স্বাস্থ্য কর্মীদের ওপর আক্রমণ হলে মেজিকেল কলেজের অধ্যক্ষ অতি শীঘ্র থানায় FIR করবেন। কিন্তু এক্ষেত্রে তা হয়নি।

********************

হাওড়ার উলুবেড়িয়ায় সরকারি হাসপাতালে কর্তব্যরত চিকিৎসককে নিগ্রহের প্রতিবাদে ক্ষোভ-বিক্ষোভের মধ্যেই কলকাতার SSKM হাসপাতালে এক নাবালিকাকে শ্লীলতাহানির অভিযোগ উঠেছে।

জানা গেছে, গতকাল বিকেলে মা-বাবার সঙ্গে বছর ১৫-র ওই নাবালিকা, OPD-তে ডাক্তার দেখাতে আসে। টিকিট কেনার জন্য মা-বাবা যখন লাইনে দাঁড়িয়ে ছিলেন, সেই সময় NRS হাসপাতালের এক অস্থায়ী কর্মী অমিত মল্লিক, মেয়েটিকে শৌচাগারে ডেকে নিয়ে যায়। সেখানেই তাকেও শ্লীলতাহানি করা হয় বলে অভিযোগ। নাবালিকার চিৎকারে অমিত পালিয়ে গেলেও, রাতেই পুলিশ তাকে গ্রেপ্তার করে।

পুলিশ জানিয়েছে, SSKM-এর প্রাক্তন অস্থায়ী কর্মী হওয়ার সুবাদে সে সেখানে অবাধে যাতায়েত করতো।

********************

উত্তর ২৪ পরগণার গাইঘাটার চাঁদপাড়া এলাকায় ইঞ্জিনিয়ার তরুণী ও তার বন্ধু আক্রান্ত হওয়ার ঘটনায় চারজনকে গ্রেপ্তার করেছে পুলিশ। ধৃতরা হল অরিন্দম রায়, বাবন রায়, জয়ন্ত দত্ত এবং আকাশ দাস। এরা সকলেই ঐ এলাকারই বাসিন্দা। আগেই জানানো হয়েছে, গত মঙ্গলবার রাতে চাঁদপাড়ার একটি মন্ডপ থেকে ঠাকুর দেখে বেরনোর পর কয়েকজন মদ্যপ যুবকে ঐ তরুণীকে দেখে কটুক্তি করে, তার বন্ধু প্রতিবাদ জানালে দুজনকেই মারধর করা হয়। খবর পেয়ে বোনকে বাঁচাতে চিকিৎসক দাদা ঘটনাস্থলে পৌঁছলে তাকেও মারধর করা হয় বলে অভিযোগ।

********************

দক্ষিণ ২৪ পরগণার আকড়ায় কালীপুজোর বিসর্জনে গিয়ে এক যুবকের জলে ডুবে মৃত্যু হয়েছে। গতরাতে অরুণ মিস্ত্রী ঘাটে ঠাকুর ভাসানের সময়  ছেলেটি তলিয়ে যায়। রাতভর তল্লাশি চালিয়ে আজ সকালে দেহটি উদ্ধার হয়েছে।

********************

কালীপুজোর মণ্ডপে বক্স বাজানো নিয়ে বচসার জেরে গতকাল রাতে খুন করা হয়েছে এক যুবক।  দক্ষিণ ২৪ পরগণার সোনারপুর থানার কুস্তিয়া এলাকার এই ঘটনায় চাঞ্চল্য ছড়িয়েছে। মৃতের নাম সনাতন নস্কর।

পুলিশ জানিয়েছে, কালীপুজোর মণ্ডপে বক্স বাজাচ্ছিলেন সনাতন। তা নিয়ে প্রতিবেশী পিন্টু সাহা ও তার স্ত্রীর সঙ্গে বচসা বেঁধে যায় ওই ব্যক্তির। অভিযোগ, পিন্টু ও তার স্ত্রী সনাতনের মা ও ভাইকে মারধর করে। এরপর সনাতন প্রতিবাদ জানালে পিন্টু ছুরি দিয়ে তাঁর শরীরে একাধিকবার আঘাত করে বলে অভিযোগ। গুরুতর জখম অবস্থায় সনাতন নস্করকে হাসপাতালে নিয়ে যাওয়া হলে চিকিৎসকরা তাঁকে মৃত বলে ঘোষণা করেন। অভিযুক্ত পিন্টু সাহা ও তার স্ত্রীকে গ্রেফতার করেছে পুলিশ।

********************

আজ ভ্রাতৃদ্বিতীয়া। কার্তিক মাসের শুক্ল পক্ষের দ্বিতীয়া তিথিতে ভাইফোটা পালিত হয়ে থাকে। ভাইয়ের মঙ্গল, দীর্ঘ জীবন ও সুস্বাস্থ্য কামনায় বোনেরা সকাল থেকেই ভাইয়ের কপালে ফোঁটা দিচ্ছেন। চলছে উপহার বিনিময়ও। মাছ, মাংস, শাক সব্জী ইত্যাদির দাম চড়া হলেও বোনেরা সাধ্য মত আয়োজন করছেন। মিষ্টির দোকানগুলিতে নানা স্বাদের এবং বৈচিত্র্যের মিষ্টির সম্ভার লক্ষ্য করা যাচ্ছে।

********************

ভাইফোঁটা উপলক্ষে নদীয়ার বিরহীতে বসেছে ঐতিহ্যবাহী মদন গোপালের মেলা। এদিন বহু মানুষ মদন গোপালকে ফোঁটা দিয়ে তাঁর আশীর্বাদ প্রার্থনা করেন। শতাব্দী প্রাচীন এই মেলায় দূরদূরান্ত থেকে মানুষ এসে ভিড় জমান। জাতি-ধর্ম-বর্ণ নির্বিশেষে ভ্রাতৃত্বের অটুট বন্ধনের চিত্র দেখা যায় এখানে। হিন্দু বোনেরা মুসলিম ভাইদের কপালে চন্দনের ফোঁটা দেন, আবার মুসলিম বোনেরা হিন্দু ভাইদের মাথায় দূর্বা ছুঁইয়ে শুভকামনা জানান।

********************

দক্ষিণ ২৪ পরগণার গঙ্গাসাগরের ধবলাট রাসপুর এলাকায় ম্যানগ্রোভ চারাগাছকে ভাইয়ের আসনে বসিয়ে ফোঁটা দিয়েছেন এলাকার মহিলারা। প্রকৃতির রুদ্র রোষ থেকে সুন্দরবনকে রক্ষা করতে এবং নদী বাঁধ শক্ত করতে ম্যানগ্রোভের গুরুত্ব অপরিসীম—

এই ভাবনা নিয়েই নন্দকুমারপুরের ‘সবুজ সংঘ’ ও এসবিআই ব্যাংকের উদ্যোগে প্রায় ৭৫ বিঘা এলাকায় ম্যানগ্রোভ রোপণ করা হয়েছে। সুন্দরবনের ভবিষ্যৎ এবং পরিবেশ রক্ষায় ভাইফোঁটার পবিত্র দিনে মহিলাদের এই প্রতীকী উদ্যোগ বিশেষ তাৎপর্যপূর্ণ।

*********************

ভ্রাতৃদ্বিতীয়ার দিন আজ ও আগামীকাল কলকাতা সহ রাজ্যের সর্বত্র আকাশ পরিষ্কার থাকবে। আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাঞ্চলীয় প্রধান ডক্টর হাবিবুর রহমান বিশ্বাস আকাশবাণীকে জানিয়েছেন, সমুদ্র থেকে জ্বলীয় বাষ্প বাতাসে প্রবেশ করার কারণে আগামী শনি ও রবিবার উত্তরবঙ্গের কয়েকটি জায়গায় ও উপকূলীয় জেলাগুলিতে হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে।

*******************************************************************